

**2021**  
**BENGALI**  
**[HONOURS]**  
**Paper : VIII**

Full Marks : 100

Time : 4 Hours

*The figures in the right-hand margin indicate marks.**Candidates are required to give their answers in their own words as far as practicable.*

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $1 \times 5 = 5$
- ক) রবীন্দ্রনাথের কোনু প্রবন্ধে বনস্পতির প্রসঙ্গ আছে?  
 খ) রবীন্দ্রনাথ ধ্বনির ব্যঞ্জনাকে কী বলেছেন?  
 গ) বাংস্যায়ন বৎস-সন্তুষ্ট ব্রাহ্মণ রচয়িতার নাম লেখো।  
 ঘ) 'কালো বউয়ের কপালে চিক' প্রবাদে কাকে নির্দেশ করা হয়েছে?  
 ঙ) ঝুতুসংহার কাব্যে মোট কয়টি ঝুতু, কয়টি সর্গ আছে?  
 চ) শাইলক চরিত্রটি শেকসপীয়রের কোনু নাটকে আছে?  
 ছ) ধ্বনিবাদীরা কাব্যকে দুটি শ্রেণীতে ভাগ করেছিলেন, সেগুলি কী কী?  
 জ) 'তথ্য ও সত্য' প্রবন্ধটি কোনু পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

২। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $2 \times 10 = 20$ 

- ক) 'সাহিত্যতত্ত্ব' প্রবন্ধের মূল বিষয় কী? এই প্রবন্ধটি কোনু পত্রিকায় প্রকাশিত হয়েছিল?
- খ) রবীন্দ্রনাথ সাহিত্য প্রবন্ধটির সূচনা করেছেন তিনটি বাণী দিয়ে। সেগুলি কী কী?
- গ) পিটুরিটান বিপ্লবের যুগে প্রধান প্রবন্ধকার কে ছিলেন? তাঁর লেখা দুটি মহাকাব্যের নাম লেখো।
- ঘ) 'The Thorn', 'Goody Blake' কবিতাগুলি কে লিখেছেন? কোনু গ্রন্থে এগুলি আছে?
- ঙ) আশুতোষ ভট্টাচার্য গীতিকাকে কয়টি শ্রেণীতে ভাগ করেছেন? সেগুলি কী কী?
- চ) 'সাহিত্যের পথে' গ্রন্থটি রবীন্দ্রনাথ কত বঙ্গাদে লিখেছিলেন? কাকে উৎসর্গ করেছিলেন?
- ছ) 'ছড়া' শব্দের দুটি প্রতিশব্দ আছে। সেগুলি কী কী?
- জ) ধাঁধার দুটি বিশেষত্ব লেখো।
- ঝ) 'মালতীমাধব' নাটকটির অঙ্ক সংখ্যা কত? এই নাটকের প্রধান ঘটনার বিবরণ দাও।
- ঝঃ) শুদ্রক কোনু দেশের বিদ্বান ছিলেন? শুদ্রক সম্পর্কে সুকুমারী ভট্টাচার্য কী বলেছেন?
- ট) 'উদ্বীগন বিভাব' বলতে কী বোঝা?
- ঠ) ব্যঞ্জনা শক্তির স্বরূপ সংক্ষেপে লেখো।

- ৩। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $6 \times 5 = 30$
- ক) ‘এক রস অন্য রসের ব্যভিচারির কাজ করে’ — বুঝিয়ে দাও।
- খ) লোকগীতি, আধুনিক সঙ্গীত থেকে কতটা সরে রয়েছে? বুঝিয়ে দাও।
- গ) রবীন্দ্রনাথ ‘সাহিত্যের পথে’ গ্রন্থের একাধিক প্রবন্ধে সাহিত্যের স্বরূপ ব্যাখ্যা করেছেন — সংক্ষেপে আলোচনা করো।
- ঘ) জন কিট্সের কবিপ্রতিভা বিচার করো।
- ঙ) লোকসাহিত্যের সংজ্ঞা ও স্বরূপ সংক্ষেপে আলোচনা করো।
- চ) সাহিত্যে ‘তথ্য’ কী আর ‘সত্য’ বা কী সেটা সংক্ষেপে বুঝিয়ে দাও।
- ছ) ‘মৃচ্ছকটিক’ নাটকে ‘বসন্তসেনা’ চরিত্রের সার্থকতা লিপিবদ্ধ করো।
- জ) সাহিত্য সমালোচক হিসাবে টি.এস.এলিয়টের কৃতিত্ব বিচার করো।
- ৪। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :  $15 \times 3 = 45$
- ক) ‘সাহিত্যতত্ত্ব’ প্রবন্ধের মূল সুর বিশ্লেষণ করে বুঝিয়ে দাও।
- খ) কালিদাসের ‘রঘুবৎশ’ ও ‘কুমারসন্ধৰ’ নাটকদ্বয়ের বিশেষত্ব লিপিবদ্ধ করো।
- গ) বিংশ শতাব্দীর নাট্যসাহিত্যে জর্জ বার্নাড শ কতটা ব্যক্তিক্রমী ছিলেন তা তাঁর নাটকগুলি অবলম্বনে ব্যাখ্যা করো।
- ঘ) রবীন্দ্রনাথ ঠাকুরের ‘পোষ্টমাস্টার’ অথবা শরৎচন্দ্রের ‘মহেশ’ গল্পটির নাট্যরূপ রচনা করো।
- ঙ) নিম্নলিখিত কবিতাংশগুলির কাব্যসৌন্দর্য বিচার করো :
- ‘আমি অস্তঃপুরের মেয়ে, —  
চিনবে না আমাকে।  
তোমার শেষ গল্পের বইটি পড়েছি, শরৎবাবু,  
“বাসি ফুলের মালা।” —  
তোমার নায়িকা এলোকেশীর মরণদশা ধরেছিল  
পঁয়ত্রিশ বছর বয়সে।’
- চ) উদাহরণসহ ছেলেভুলানো ছড়া, কন্যাবিষয়ক ছড়া ও প্রকৃতি বিষয়ক ছড়ার পরিচয় দাও।
-